সংবাদ

26 JUL 2007

সত্য যে কঠিন

'গণহিস্টিরিয়া' কি নারী শিক্ষাবিরোধী কোন তৎপরতা?

মমতাজ লতিফ

'গণহিস্টিরিয়া' হিসেবে বর্ণিত মফস্বল শহর ও গ্রামের প্রধানত মাধ্যমিক স্কুলে এবং কিছু প্রাথমিক স্কুলের ওপরের শ্রেণীর বালিকাদের মধ্যে যে রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে সেদিকে আমি সরকার, শিক্ষা উপদেষ্টা, সরকারের প্রধান উপদেষ্টা এবং আইনশৃঙ্খলা বাহিনীর প্রধান কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি গুরুতর এবং এটির দ্রুত নিরসন কতগুলো কারণে গুরুত্বপূর্ণ।

১. প্রথমত 'মাস হিস্টিরিয়া' বলে ডাক্তারি শাস্ত্রে কোন রোগ আছে কি? হিস্টিরিয়া রোগটি পুরোপুরি ব্যক্তি বিশেষের রোগ বা সংক্রামক তো নয়ই, বরং এর মূলে সাধারণত থাকে ব্যক্তির কোন আশা ভঙ্গ বা হতাশার কারণ। সাধারণত গ্রামে বাধা বা পরিবার থেকে মুক্ত চলাচলে বাধা, পর্দার বন্দি এরূপ মেয়েদের এই হিস্টিরিয়া রোগে আক্রান্ত হতে দেখা গেছে।

তাই প্রথমেই স্বাধীনতা চিকিৎসক পরিষদসহ দেশের অন্যান্য নামি মনস্তত্ত্ববিদ ও চিকিৎসকদের এ রোগ সম্পর্কে জনগণকে সার্বিক ধারণা প্রদানের জন্য এগিয়ে আসতে অনুরোধ জানাই।

২. দ্বিতীয়, অনুষ্ঠিতে ভূপাতে জামাদের দেশের অর্ধেকের বেশি শিশু-কিশোর-কিশোরী এবং নারী ও পুরুষ। সুতরাং বেছে বেছে বালিকারা যারা সাধারণ শিক্ষা গ্রহণ করছে, তারাই শুধু এ 'রোগে' আক্রান্ত হবে কেন– এটি একটি তাৎপর্যপূর্ণ প্রশ্ন যা ব্যাপক তথ্য অনুসন্ধান দাবি করে। প্রধান উপদেষ্টা এবং শিক্ষা উপদেষ্টাকে বিনীত প্রশ্ন করি ১. শুধু বালিকারা যারা সাধারণ বা আধুনিক শিক্ষা গ্রহণ করছে বা শিক্ষিকা যারা এই সাধারণ শিক্ষা প্রদান করছে, তারাই এ রোগে আক্রান্ত হচ্ছে কেন? ২. যেসব বালিকা গৃহবধূ হয়েছে বা নিরক্ষর অবস্থায় গৃহকর্মে রত তারা আক্রান্ত নয় কেন? তারা অপুষ্ট দেহে সংসারের সব কর্ম সম্পাদন করে, শিশুর জন্ম দেয়, স্বামী-শাশুড়ির নির্যাতন সয়, কিন্তু হিস্টিরিয়া কেন তাদের হয় না? ৩. একই এলাকার যেসব বালিকা মাদ্রাসায় শিক্ষা গ্রহণ করছে, তারাই-বা এ রোগ থেকে মুক্ত রয়েছে কেন? মাদ্রাসায় এ রোগ হলো না কেন? ৪. কোন মাধ্যমিক স্কুলের বা প্রাথমিক স্কুলের বালকরা বা শিক্ষকরাও আক্রান্ত হয়নি কেন? ৫. 'গণহিস্টিরিয়া' বলে কোন রোগ বিগত ৩৬ বছর দেখা যায়নি কেন? কেন, কারা, কি উদ্দেশ্যে এ নামে কোন একটি অপতৎপরতার প্রচার চালাচ্ছে কি? ৬. এর মাধ্যমে অভিভাবক, শিক্ষিকা ও বালিকাদের মধ্যে পরিকল্পিতভাবে সাধারণ শিক্ষার স্কুলগুলি ও শিক্ষাভীতি তৈরি করছে কি কোন গোষ্ঠী? ৭. কারা নারী শিক্ষা, নারীর স্বাধীনতা ও ক্ষমতায়ন, অবাধ মুক্ত চলাচল এবং কর্মক্ষেত্রে প্রবেশকে শরীয়াবিরোধী প্রথা হিসেবে প্রচার করে? ৮. কারা নারীকে পর্দার অন্তরালে বন্দি করে রাখতে ইচ্ছুক? এ লক্ষ্যে আফগানিস্তান, পাকিস্তানসহ বাংলাদেশে কোন কোন গোষ্ঠী কর্মরত? এদের দিকে সজাগ দিন। অহেতুক গণতান্ত্রিক রাজনৈতিক সংগঠনগুলোকে বিপর্যস্ত করলে সে শূন্যস্থান পূরণে কারা এগিয়ে আসবে, সে বিষয়টি গভীরভাবে বিবেচনা করে দ্রুত এসব আক্রান্ত স্কুল এলাকার গোয়েন্দাদের সাহায্যে অনুসন্ধান করে প্রকৃত অপরাধীদের বের করার ব্যবস্থা করুন এবং স্কুলগুলোতে কারা, কি প্রক্রিয়ায় কোন বিষাক্ত চেতনানাশক গ্যাস অথবা অন্যকিছু রাসায়নিক পদার্থ স্কুল বসার আগেই ছড়িয়েছে কি না, পদার্থটি কি, এসব বিষয়ে দ্রুততার সঙ্গে অনুসন্ধান করে ১৩টি জেলার ১৪টি বিদ্যালয়ের বালিকা ও শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে পড়া এ 'রোগটি যাতে এখনি বন্ধ করা যায়, সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করুন।

আপনাদের এবং পাঠকদের ধারণার সুবিধার্থে সরকারের গোয়েন্দাসহ সবার দৃষ্টি শুধু দুটি দলের ভাঙ্গাগড়ার প্রতি নিবদ্ধ থাকার কারণে এবং জামায়াত সংশ্লিষ্ট জঙ্গি তৎপরতার প্রতি কমাসুন্দর উদাসীনতা বজায় থাকার ফলে যেসব জঙ্গিগোষ্ঠীর অপতৎপরতা বিনা বাধায় পরিচালিত হচ্ছে, সে সম্পর্কে সামান্য আলোকপাত করা হলো।

১. দুদকের তালিকায় '৭১-এর আলবদর কমান্ডার নিজামী-মুজাহিদদের নাম নেই। অথচ সংখ্যালঘুদের বিপুল ভূমি দখলের অভিযোগ রয়েছে এদের বিরুদ্ধে। ২. কোন কোন জেলা পরিষদের প্রশাসনিক খসড়া তালিকায় '৭১-এর আক্রক আলবদর বাহিনীর কমান্ডারের নাম রয়েছে। পুলিশ এবং প্রশাসনে বহু জামায়াত-শিবির অনুসারী রয়েছে যারা তাদের আগের কাজগুলো অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছে। কারণ বেশ কিছু জামায়াতপন্থি সচিবও রয়ে গেছে তাদের ভাল অবস্থানে! ৩. এ সরকারের প্রধান লক্ষ্য দুর্নীতির বিরুদ্ধে কিন্তু জনগণের আশা ছিল দুর্নীতি ও জঙ্গিবাদ– এ দুটিকেই দেশবিধ্বংসী অপতৎপরতা হিসেবে বর্তমান সরকার সমান গুরুত্ব দেবে, যা সরকার এখনও দেয়নি! 'দি ওয়াল স্ট্রিট জার্নাল' এবং 'কার ইস্টার্ন ইকনমিক রিভিউ'র প্রতিবেদনে গণতান্ত্রিক দল ধ্বংসে হলে জঙ্গির উত্থান হতে পারে বলে আশা প্রকাশ করা হয়েছে। পাকিস্তানে তালেবান জামায়াতঅধ্যুষিত গোয়েন্দাবাহিনী আইএসআইয়ের নীলনকশায় নেওয়াজ শরিফ ও বেনজিরের দুই গণতান্ত্রিক দলকে ধ্বংস করে জামায়াত ও তালেবানপন্থিদের বিভিন্ন প্রদেশে সরকার গঠন করতে এবং কেন্দ্রে প্রধান বিরোধী দল হিসেবে প্রতিষ্ঠিত করতে যে কৌশল গৃহীত হয়েছিল, সেই একই কৌশল বিএনপি-আওয়ামী লীগের বিরুদ্ধে দুর্নীতির মামলার মাধ্যমে ব্যবহার করা হচ্ছে বলে অনেকের সন্দেহ! এর ফলে বিগত পাঁচ বছর ধরে সুবিধাভোগী জামায়াত ও এর অনুসারী জঙ্গিগোষ্ঠীগুলো ওই শূন্যতা পূরণের লক্ষ্যে নানা রকম অপতৎপরতা চালাচ্ছে বলে অনেকে আশঙ্কা প্রকাশ করেছে! তাছাড়া বিএনপিতে অনুপ্রবেশ করেছে অনেক জামায়াত-শিবির নেতাকর্মী যারা জামায়াতের এজেন্ডাই বাস্তবায়ন করে চলেছে! সম্প্রতি খালেদার চৌদ্দ দলকারেলে জামায়াত-আদর্শই প্রতিফলিত হয়েছে! ৪. দুদকের প্রধান হাসান মশহুদ চৌধুরীর কঠোর ন্যায়নিষ্ঠতা থাকলেও দুদক প্রধান হিসেবে যদি তিনি শুধু দুর্নীতির বিষয় দেখার দায়িত্বে থাকেন, তাহলে তাকে জামায়াত ও জঙ্গিবাদের দুর্নীতির তথ্য সংগ্রহ করে ব্যবস্থা নিতে হবে।

ক. কুমিল্লায় আলী আহসান মুজাহিদ, সিলেটে সাবেক জামায়াত সাংসদ মাওলানা ফরিদউদ্দিনসহ ৪ জামায়াত নেতার বিরুদ্ধে চাঁদাবাজির মামলা হয়েছে অথচ মুজাহিদ সম্প্রতি মামলা সত্ত্বেও বিদেশ ভ্রমণ করে ফেরত এসেছে, মুক্ত রয়েছে, জামায়াতের গণতন্ত্রবিরোধী রাজনীতি চালিয়ে যাচ্ছে। অপরদিকে তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠা ও তত্ত্বাবধায়ক সরকারের দলীয়করণের বিরুদ্ধে আন্দোলন, নির্বাচনকে নিরপেক্ষ করার আন্দোলন, এর আগে '৯১-এর স্বৈরাচার উচ্ছেদ আন্দোলনসহ বিগত ২৫ বছরের রাজনীতিতে সবচেয়ে উল্লেখযোগ্য গণতান্ত্রিক রাজনীতির পক্ষের সব আন্দোলনে নেতৃত্ব দিয়েছিল যে নেত্রী শেখ হাসিনা তিনি অপরাধী প্রমাণ না হওয়া সত্ত্বেও চাঁদাবাজির মামলায় জেলে অন্তরীণ হয়েছেন। এর চেয়ে বৈতনীতির এবং সরকারের নিরপেক্ষ চরিত্রকে বিতর্কিত করার ঘটনা আর কি হতে পারে? দুদক বা যৌথবাহিনী জামায়াত নেতাদের চাঁদাবাজির মামলায় গ্রেফতার করেনি কেন?

খ. দুর্নীতি, চাঁদাবাজি এবং সন্ত্রাসীদের মদদ দানের অভিযোগে যৌথবাহিনী আটক করেছে সাবেক জামায়াত সাংসদ ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের ও সাতক্ষীরার গাজী নজরুল ইসলামকে। তাদের প্রশ্রয় দানকারী নেতাদের দুর্নীতির খোঁজ নেওয়া হয়েছে কি? গ্রামের টিন আত্মসাতের মামলা হয়েছে মাওলানা আবদুস সোবহান, মিয়া গোলাম পরওয়ার ও মিজানুর রহমান চৌধুরীর বিরুদ্ধে। বিচার প্রক্রিয়া সঠিকভাবে চলছে কি? গ. দুর্নীতির দায়ে অভিযুক্ত সাতক্ষীরার জামায়াত নেতা শাহজাহান চৌধুরী দুদক কার্যালয়ের সামনে থেকে পলাতক হয়েছেন। অথচ অনেককেই এ স্থানে আটক করা হয়েছিল। কেন এমন হলো? খুলনার সাবেক জামায়াত আমীর গোলাম পরওয়ার ও তার ভাই জামায়াত নেতা গোলাম কুদ্দুসের বিরুদ্ধে মিল দখল ও ৩ কোটি টাকা বিদ্যুৎ বিল পরিশোধ না করার অভিযোগে মামলা হয়েছে। ঙ. চাঁদাবাজির জন্য পিরোজপুর জামায়াতের জেলা সেক্রেটারি শফিকুল ইসলাম ও সিলেটে জামায়াত নেতা কাজী নাসির আটক করা হয়েছে। চ. জোট সরকার অ

তদানীন্তন কৃষিমন্ত্রী নিজামীর বিরুদ্ধে সুপারভাইজার ও গাজীপুর কৃষি গবেষণা ইনস্টি দলীয়করণ ও নিয়োগ দুর্নীতির অভিযোগ উঠেছি কারণে তাকে খালেদা জিয়া কৃষি থেকে মন্ত্রণালয়ে বদলি করেছিলেন! এ ঘটনাগুলোর সংগ্রহ করুন এবং নিরপেক্ষ বিচার করুন। নিজামী শিল্পমন্ত্রী থাকাকালে চট্টগ্রাম জেটিতে ১ অবৈধ অস্ত্র খালাস হয়েছিল! সেটি কেন ত দেওয়া হচ্ছে না? ছ. সাবেক সমাজকল্যা হিসেবে মুজাহিদের বিরুদ্ধে ইসলামিক এনজি সুবিধা দেওয়া এবং প্রগতিশীল এনজিওদের বরাদ্দ বন্ধ করে দেওয়ার অভিযোগ রয়েছে যার তথ্য উদ্ঘাটন সরকারের জন্য জরুরি। স্বাধীনতার পর সরকারের পাশাপাশি এনজি জনসেবার লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, মা পরিবার পরিকল্পনা, নারীদের ক্ষমতায়নের অ অনু, আত্মমূলক কাজে প্রশিক্ষণ, নির্বাচনে দারিদ্র্য, যৌতুক, বাল্যবিবাহ প্রভৃতির প্রত্যন্ত অঞ্চলে যে বিপুল সচেতনতামূলক করেছে তা সমাজ উন্নয়ন, নারী ও শিশু-কিশো জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আমলের ইসলামী জেহাদি নারী মুক্তি বিরোধী গ্রেনেড ও খুনের দর্শনে বিশ্বাসী ইসলামী এনজি দ্রুত সংখ্যা বৃদ্ধির ফলে এনজিও সম্পর্কে ভুল প্রচারিত হচ্ছে। যা আগের এনজিওগুলোর জন্য নয়! তাছাড়া এনজিওরা যে বিপুলসংখ্যক তরুণীর কর্মসংস্থান সৃষ্টি করেছে তাও সর বিবেচনায় নিতে হবে। অপরদিকে সব সেবাগুলো প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে প্রগতিশীল এনজিওগুলোর সহযোগিতাকে গণ্য হবে। এ কথা বলা বাহুল্য যে জোত কাঠামোর চ

সমকে
অব
আ
প্রা
ব
ব
ব